সমকাল

তারিখ ২1 DEC 2017
পৃষ্ঠা ৪ কলাম ৬

# ঢাকা ঘেরাওয়ের হুমকি বেসরকারি প্রাথমিক শিক্ষকদের

■ সমকাল প্রতিবেদক

সরকারীকরণের এক দফা দাবিতে ঢাকায় বিক্ষোভ করেছেন বেসরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকরা। গতকাল বুধবার জাতীয় প্রেস ক্লাব এলাকায় 'বেসরকারি প্রাথমিক শিক্ষক সমিতির' আহ্বানে এ বিক্ষোভ কর্মসূচি শেষে প্রধানমন্ত্রী বরাবর স্মারকলিপি দেওয়া হয়। বিক্ষোভ শেষে এক সমাবেশে সরকারীকরণের এক দফা দাবিতে আগামী এপ্রিল থেকে ঢাকা ঘেরাও কর্মসূচি ঘোষণার হুমকি দেন সমিতির প্রধান সমন্বয়কারী সামসুল আলম।

জানুয়ারি থেকে মার্চ পর্যন্ত বিভিন্ন আন্দোলনের কর্মসূচি ঘোষণা দিয়ে তিনি বলেন, দাবি আদায়ে এপ্রিলের ৩ তারিখে জাতীয় প্রেস ক্লাবে সংবাদ সম্মেলন করে ঢাকা ঘেরাও কর্মসূচি ঘোষণা করা হবে।

অন্য কর্মসূচির মধ্যে ১৫ জানুয়ারি থেকে ১৫ ফেব্রুয়ারি উপজেলা পর্যায়ে প্রেস ক্লাবের সামনে এবং ১ মার্চ থেকে ৩১ মার্চ পর্যন্ত জেলা পর্যায়ে প্রেস ক্লাবের সামনে মানববন্ধনের ঘোষণা দেওয়া হয়।

প্রধানমন্ত্রীকে স্মারকলিপি প্রদানের উদ্দেশ্যে গতকাল সকালে তোপখানা রোডের শিশুকল্যাণ পরিষদ মিলনায়তনে জড়ো হন দেশের বিভিন্ন প্রান্ত থেকে আসা কয়েকশ' শিক্ষক। দুপুর ১২টার পর সেখান থেকে বের করা বিক্ষোভ মিছিল পল্টন মোড় ঘুরে প্রেস ক্লাব হয়ে কদম ফোয়ারা হয়ে আবার শিশুকল্যাণ পরিষদের সামনে গিয়ে শেষ হয়।